

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলি সরণী, রমনা, ঢাকা-১০০০

স্মারক নং-জেসি(হেডঃ)/ডিএমপি/শিক্ষাবৃত্তি/২২-২০১৯/২৬৬

তারিখ : ২২-০৮-২০১৯ খ্রিঃ।

বিষয়: বাংলাদেশ পুলিশ সার্ভিস এসোসিয়েশনের শিক্ষাবৃত্তির আবেদন আহবান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ পুলিশ সার্ভিস এসোসিয়েশনের স্মারক নং-১৮৯, তারিখ: ২১-০৩-২০১৯ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'বাংলাদেশ পুলিশ সার্ভিস এসোসিয়েশন' সদস্যগণের কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশে কর্মরত ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের সন্তানদের উচ্চশিক্ষা গ্রহণ ও মেধার মূল্যায়নে উৎসাহকরণের নিমিত্ত 'বাংলাদেশ পুলিশ সার্ভিস এসোসিয়েশনের শিক্ষাবৃত্তি নীতিমালা, ২০১৮' এর আলোকে ২০১৮ সালে শিক্ষাবৃত্তির প্রচলন করা হয়। প্রচলিত শিক্ষাবৃত্তির আওতায় ২০১৯ সালেও বাংলাদেশ পুলিশে কর্মরত ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, আপনি/আপনার অধীনে কর্মরত যে সকল ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মেধাবী সন্তানেরা ২০১৮ সালে পিইসি/সমমান ও জেএসসি/সমমান পরীক্ষায় সাধারণ গ্রেড/ট্যালেন্ট পুলে বৃত্তি পেয়ে উত্তীর্ণ হয়েছে এবং ২০১৯ সনের এসএসসি/সমমান, এইচএসসি/সমমান ও স্নাতক/স্নাতকোত্তর পরীক্ষায় জিপিএ-৫/প্রথম শ্রেণী পেয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল কর্মকর্তাগণকে মেধাবৃত্তি, শিক্ষাসহায়ক বৃত্তি ও উচ্চ শিক্ষাবৃত্তি পাওয়ার জন্য আগামী ১৫-০৯-২০১৯ খ্রিষ্টাব্দ পুনঃ ১৫-০৯-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে সংযুক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণরকত সংশ্লিষ্ট জেলা/ইউনিট প্রধানের মাধ্যমে সদস্য সচিব, শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত উপ-কমিটি ২০১৯, বাংলাদেশ পুলিশ সার্ভিস এসোসিয়েশন, কক্ষ নং-৩২৬ (৩য় তলা), ডিএমপি হেডকোয়ার্টার্স, রমনা, ঢাকা এর বরাবরে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো। প্রসঙ্গত, আবেদন ফরমটি প্রয়োজনে ফটোকপি করে ব্যবহার করা যাবে।

এছাড়া বর্ণিত শিক্ষাবৃত্তি প্রদানের বিষয়টি আপনার ইউনিটে কর্মরত সকল ক্যাডারভুক্ত পুলিশ কর্মকর্তাগণকে অবহিতকরণসহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত:

১. শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত ব্রোশিয়ার।
২. শিক্ষাবৃত্তি প্রাপ্তির আবেদন ফরম।

স্বাক্ষরিত/-

মাহবুব হোসেন বিপিএম (বার), পিপিএম (বার)
বিপি ৬০৮৯১০৯০২৮
ডিআইজি (রাজনৈতিক/ছাত্র-শ্রম)
স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা
[অতিরিক্ত আইজিপি (চলতি দায়িত্বে) পদে
পুলিশ হেডকোয়ার্টার্সে পদায়নের আদেশপ্রাপ্ত]

ও

আহ্বায়ক

শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত উপ-কমিটি, ২০১৯

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার্স, কুর্মিটোলা, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন ও অর্থ)]।
২. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: ডিসি (সদরদপ্তর ও প্রশাসন/ কল্যাণ ও ফোর্স)]।
৩. প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী। [দৃষ্টি আকর্ষণ: পুলিশ সুপার (প্রশাসন)]।
৪. অতিরিক্ত আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)]।